

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৩১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ চৈত্র ১৪৩২/১৯ মার্চ ২০২৬

নং ০৩.০০.০০০০.০৮২.০৯৯.০১২.২৬-২৬৫।—সারাদেশে শহর ও গ্রাম অঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে দিক-নির্দেশনা প্রদানের জন্য নিম্নোক্তভাবে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো :

(ক) কমিটির গঠন :

ক্রম	সদস্যবৃন্দের নাম	কমিটির পদবি
০১.	প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	আহ্বায়ক
০২.	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
০৩.	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
০৪.	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	সদস্য
০৫.	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
০৬.	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) কমিটি ঈদ উল ফিতর ২০২৬ এর ছুটি শেষে সারাদেশে শহর ও গ্রাম অঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে পরিষ্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে আশু পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে;

(১৪১৮৭)

মূল্য : টাকা ৪.০০

- (২) কমিটি বছরব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন ও বৃক্ষরোপণের বিষয়ে সুপারিশ প্রদান ও দিক-নির্দেশনা প্রদান করবে;
- (গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহরিয়ার জামিল
পরিচালক (প্রশাসন)।